দৈঃ জনকণ্ঠ

07 MAY 1996

৬ ৭

# সাংবাদিকতায় লায়ন্স জাতীয় পুরস্কার '৯৫

We Serve

মানব সেবার পাশাপাশি সমাজের বিভিন্ন স্তরের গুণীজনদের উৎসাহ প্রদান লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের অন্যতম নীতিমালা। এবং সে লক্ষ্য সামনে রেখে লায়ন্স জেলা ৩১৫এ-২ বাংলাদেশে প্রথমবারের মতো সাংবাদিকতা, সাহিত্য, সমাজ সেবা, সংস্কৃতি এবং ক্রীড়া ক্ষেত্রে **লায়ন্স জাতীয় পুরস্কার** প্রবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ১৯৯৫ সালের জন্যে শুধুমাত্র সাংবাদিকতার ক্ষেত্রে পুরস্কার প্রদান করার মধ্য দিয়ে এই কার্যক্রমের শুভ সূচনা করা হচ্ছে।

১। **পুরস্কারের নাম ঃ** লায়ন্স জাতীয় পুরস্কার

২। **পুরস্কারের ক্ষেত্র ঃ** সাংবাদিকতায় অনুসন্ধানী প্রতিবেদন.

৩। **বিষয় ঃ** মানবাধিকার লংঘন সংক্রান্ত অনুসন্ধানী প্রতিবেদন

**পুরস্কারের জন্য বিবেচিত সময়কাল ঃ** ক) ১লা জানুয়ারী '৯৫ থেকে ৩১শে ডিসেম্বর '৯৫ পর্যন্ত। খ) উল্লিখিত সময়কালের মধ্যে উল্লেখিত বিষয়ের উপর কেবলমাত্র বাংলাদেশী দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন পুরস্কারের জন্য বিবেচনা করা হবে।

৫। **পুরস্কারের সংখ্যা এবং মূল্যমান ঃ** ক) পুরস্কার প্রদান করা হবে একটি। খ) অর্থমূল্য ঃ ত্রিশ হাজার টাকা। [illegible] একটি লায়ন্স মনোগ্রাম খচিত ক্রেস্ট। ঘ) একটি সনদপত্র এবং ঙ) বিজয়ী প্রতিবেদনটি যে পত্রিকায় প্রকাশিত হয়েছে সেই পত্রিকাকেও একটি লায়ন্স মনোগ্রাম খচিত ক্রেস্ট পুরস্কার দেয়া হবে।

৬। **পুরস্কার বিবেচনার জন্য প্রতিবেদন জমা দেয়ার পদ্ধতি ঃ** বিষয় উল্লিখিত প্রতিবেদনটি যে পত্রিকায় প্রকাশিত/মুদ্রিত হয়েছে সেই পত্রিকার একটি মুদ্রিত কপিসহ একই প্রতিবেদনের টাইপ/কম্পিউটার মুদ্রিত সাত (৭) কপি সীল-মোহরকৃত খামে কমিটির চেয়ারম্যানের নিকট জমা দিতে হবে।

৭। **পুরস্কারে অংশগ্রহণের যোগ্যতা ঃ** শুধুমাত্র বাংলাদেশের নাগরিকগণ এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

৮। **প্রতিবেদন জমা দেয়ার শেষ তারিখ ঃ** ১৬ ই মে ১৯৯৬ সন্ধ্যা ৭ ঘটিকা।

৯। **পুরস্কার প্রদান বা হস্তান্তর প্রক্রিয়া ঃ** বাংলা ১৪০৩ সালের বৈশাখ-জৈষ্ঠ্য (ইংরেজী মে-জুন, ১৯৯৬ মাসের ) কোন এক সুবিধাজনক সময়ে একটি মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে বিজয়ী প্রতিবেদক ও পত্রিকার সম্পাদকের নিকট পুরস্কার হস্তান্তর করা হবে।

**প্রতিবেদন জমা দেবার ঠিকানা ঃ**

লায়ন্স জাতীয় পুরস্কার কমিটি (সাংবাদিকতা) , লায়ন্স জেলা ৩১৫এ-২
দ্বিতীয় তলা, লায়ন্স ভবন, রোকেয়া স্মরণী, আগারগাঁও, ঢাকা ১২০৭।

**প্রয়োজনে উল্লিখিত ঠিকানায় প্রতিদিন (সরকারী ছুটির দিন বাদে) বিকাল ৫ ঘটিকা থেকে রাত ৮ ঘটিকার মধ্যে যোগাযোগ করা যেতে পারে।**